



বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসার
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার

গণবিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয় এর ১০ মার্চ ২০২৪ তারিখের পত্র নং- ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০২০.২১-১০৩ এর নির্দেশনা এবং জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, মৌলভীবাজার এর ১১ মার্চ ২০২৪ তারিখের পত্র নং-১৭.০৭.৫৮০০.০০০.৪১.০০২-২৪-১০০ এর প্রজ্ঞাপন অনুসারে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ এর উপবিধি (৩) অনুযায়ী আমি মোহাম্মদ এমদাদুল হক, উপজেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার এবং রিটার্নিং অফিসার


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য মৌলভীবাজার জেলার মৌলভীবাজার সদর উপজেলার আপার কাগাবলা ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদে, গিয়াসনগর ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদে এবং কনকপুর ইউনিয়ন পরিষদের ০৩ নং সংরক্ষিত ওয়ার্ডের সংরক্ষিত আসনের সদস্য পদে উপ-নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি নির্ধারণ করিয়া গণ-বিজ্ঞপ্তি জারি করিতেছি:

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	২৮ মার্চ ২০২৪ ১৪ চৈত্র ১৪৩০	(বৃহস্পতিবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০১ এপ্রিল ২০২৪ ১৮ চৈত্র ১৪৩০	(সোমবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০৮ এপ্রিল ২০২৪ ২৫ চৈত্র ১৪৩০	(সোমবার)
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	২৮ এপ্রিল ২০২৪ ১৫ বৈশাখ ১৪৩১	(রবিবার)

২৮ এপ্রিল ২০২৪ তারিখ সকাল ০৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত ব্যালটের এর মাধ্যমে বিরতিহীনভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হইবে।

আমি আরও জানাইতেছি যে, ২৮ মার্চ ২০২৪ তারিখ কিংবা এর পূর্ববর্তী যে কোনো তারিখে ছুটির দিনসহ সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত আপার কাগাবলা ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদে, গিয়াসনগর ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদে এবং কনকপুর ইউনিয়ন পরিষদের ০৩ নং সংরক্ষিত ওয়ার্ডের সংরক্ষিত আসনের সদস্য পদে উপ-নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয়ে (উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, মৌলভীবাজার সদর) মনোনয়নপত্র গ্রহণ করা হইবে।

স্থান : রিটার্নিং অফিসারের কার্যালয়
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার


(মোহাম্মদ এমদাদুল হক)
উপজেলা নির্বাচন অফিসার

ও
রিটার্নিং অফিসার

উপ-নির্বাচন ০৯ নং সাধারণ ওয়ার্ড আপার কাগাবলা ও গিয়াসনগর ইউনিয়ন,
০৩ নং সংরক্ষিত ওয়ার্ড কনকপুর ইউনিয়ন
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার

নং ১৭.০৭.৫৮৭৪.০০০.৪১.০০৪.২৪- ৪৫

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

তারিখ: ১১ মার্চ ২০২৪

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
২. জেলা প্রশাসক, মৌলভীবাজার
৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট
৪. পুলিশ সুপার, মৌলভীবাজার
৫. জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার
৭. উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার
৮. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার (গণবিজ্ঞপ্তি প্রচারের অনুরোধসহ)
৯. অফিসার ইন চার্জ, মৌলভীবাজার মডেল থানা, মৌলভীবাজার
১০. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সদর, মৌলভীবাজার
১১. চেয়ারম্যান, আপার কাগাবলা, কনকপুর এবং গিয়াসনগর ইউনিয়ন পরিষদ, মৌলভীবাজার সদর, (গণ-বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট ওয়ার্ডে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল)
১২. সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, মৌলভীবাজার (গণবিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল)
১৩. এ কার্যালয়ের নোটিশ বোর্ড


উপজেলা নির্বাচন অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার